

বিমানে অবসর বয়স এখন ৬২

- A Monitor Desk Report

Date: 12 October, 2024



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের স্থায়ী পাইলট ও ইঞ্জিনিয়ারদের চাকরির অবসর বয়সসীমা ৬২ বছরে উন্নীত করা হয়েছে। এতদিন তাদের ৫৯ বছরে অবসরে পাঠানো হতো।

দুটি পৃথক প্রশাসনিক আদেশে তাদের বয়সসীমা বাড়ানোর বিষয়টি জানানো হয়েছে।

বুধবার (৯ অক্টোবর) বিমানের পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) মো. মতিউল ইসলাম চৌধুরী স্বাক্ষরিত এক আদেশে বলা হয়েছে, পরিচালনা পর্ষদের ৩১২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিমানে কর্মরত স্থায়ী পাইলটদের চাকরির অবসর বয়সসীমা ৬২ বছরে উন্নীত করা হলো। এ আদেশ ২০২৪ সালের ১৬ সেপ্টেম্বর তারিখ থেকে কার্যকর হবে।

একই পরিচালকের স্বাক্ষরে একইদিন জারি করা আরেক প্রশাসনিক আদেশে বলা হয়েছে, পর্ষদের ৩১২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকৌশল ও ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট পরিদপ্তরাধীন সব প্রকৌশলী এবং প্রকৌশল কাজে সংশ্লিষ্ট সব টেকনিক্যাল কর্মচারীদের চাকরির অবসর বয়সসীমা ৫৯ বছরের পরিবর্তে ৬২ বছরে উন্নীত করা হলো।

এই আদেশটিও ২০২৪ সালের ১৬ সেপ্টেম্বর তারিখ থেকে কার্যকর হবে।

-B